গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর,পাবনা
www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০২.২২.৪০৭ তারিখ: ২৩ মে ২০২২ খ্রি:

## সভার আমন্ত্রণপত্র

এতদ্বারা পাবনা সদর উপজেলা পরিষদের সম্মানীত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের মে/ ২০২২ মাসের সাধারন সভা (৩৮তম সভা) আগামী ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ টায় আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর সভাপতিত্বে উপজেলা পরিষদের এ্যাডভোকেট শেখ শহিদুল্লাহ বাচ্চু স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

ধার্য তারিখ ও সময়ে উক্ত সভায় সম্মানিত সকল সদস্যগনকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৩.০৫.২২
তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোন নং ০৭৩১-৬৫৪০৩
ইমেইলঃ unopabna@mopa.gov.bd

সভার আলোচ্য বিষয় সমূহঃ
১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন
২। করোনা ভাইরাস বিষয়ক আলোচনা
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা
৪। বিবিধ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠ্যক্রম বিবেচ্য নয়) ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২ পাবনা-৫
২। জেলা প্রশাসক, পাবনা
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৪। মেয়র, পাবনা পৌরসভা
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৬। উপজেলা ......................................................................................অফিসার, পাবনা সদর, পাবনা
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পান্নি উন্নয়ন বোর্ড, পাবনা
৮। ডিজিএম, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, আতাইকুলা, পাবনা
৯। চেয়ারম্যান,.......................................................................(সকল) ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা
১০। জনাব ..........................................................................

# উপজেলা পরিষদ কার্যালয়
## পাবনা সদর,পাবনা

**বিষয়** ঃ **পাবনা সদর উপজেলা পরিষদের মে ২০২২ মাসের সাধারণ সভার (৩৮ তম সভা) কার্যবিবরণী**

সভাপতি ঃ আলহাজ্ব মোঃ মোশাররোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

তারিখ ঃ ৩১ মে ২০২২

সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ এড. শেখ শহিদুল্লা বাচ্চু স্মৃতি মিলনায়তন, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

( উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা এবং স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি তাঁর স্বাগত বক্তব্যে বলেন যে পৃথিবীর বিভিন্ন দেশে করোনা ভাইরাস নতুন করে সংক্রমিত হচ্ছে। আমাদের দেশও এর বাইরে নয়। অনেক বড় মাপের ব্যক্তিত্বগণ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। কাজেই আমাদের সকলকে করোনা ভাইরাস সম্পর্কে অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে। আল্লাহপাক আমাদের সবাইকে হেফাজত করুন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

**০২। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

গত ২০/০৪/২০২১ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সকল সদস্য অভিমত প্রকাশ করায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের পুর্নবাসনের জন্য সেমিপাকাঘর নির্মাণ ঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যলয়ের আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় সারাদেশ ব্যাপী "ক" শ্রেণির ভূমিহীন ও গৃহহীনদেরকে গৃহনির্মাণের মাধ্যমে পূনর্বাসন কর্মসূচি গৃহীত হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে ১ম ধাপে পাবনা সদর উপজেলার হিমাইতপুর ইউনিয়নে ৪৫ টি গৃহ নির্মাণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ৩য় পর্যায়ে নির্মিত বাসগৃহ হস্তান্তর কার্যক্রম সারাদেশে একযোগে ভার্চুয়ালি শুভ উদ্বোধন করেছেন। ৩য় পর্যায়ের ২য় ধাপে আরোও ৩৯ টি বাসগৃহের নির্মাণ কাজ চলমান রয়েছে। হেমায়েতপুর ইউনিয়নের হিমাইতপুর আশ্রয়ণ প্রকল্পে ০৬টি, কিসমতপ্রতাপপুর আশ্রয়ণ প্রকল্পে ০১ টি, মালিগাছা ইউনিয়নের ভজেন্দ্রপুর আশ্রয়ন প্রকল্পে ০৮টি, মালঞ্চী ইউনিয়নের উত্তররাঘপুর আশ্রয়ণ প্রকল্পে ২৩টি এবং দাপুনিয়া ইউনিয়নের বিরিন্দা মৌজায় ০১ টি সর্বমোট ৩৯টি টি। সবাইকে প্রকল্প পরিদর্শনের জন্য আমন্ত্রন জানানো হয়।

**০৪। স্ট্যান্ডিং কমিটিসমূহের কার্যক্রম পর্যালোচনা ঃ**

পাবনা সদর উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। সকল দপ্তরের উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সকল উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**দায়িত্ব** ঃ সংশ্লিষ্ট উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সদস্য-সচিব।

০৫। **পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ঃ**

পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভায় আলোচনা করা হয়। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন যে বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি বেশ ভাল। ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি পুলিশিং ব্যবস্থা থাকায় বিচার সালিশ কার্যক্রমে পুলিশি সহায়তা পাওয়া যাচ্ছে। ফলে ইউনিয়ন পর্যায়ে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটছে। যে কোন মূল্যে এই ভাল অবস্থা বজায় রাখতে হবে। ইউনিয়নসমূহে পুলিশী নজরদারী বৃদ্ধির জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

০৬। **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভাকে অবহিত করেন অদ্য ৩১/০৫/২০২২ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল বর্তমান স্থিতির পরিমান=৩৬৮৮৭৮১৮/০৬ (তিন কোটি আটষট্টি লক্ষ সাতাশি হাজার আটশত আঠার টাকা ছয় পয়সা) টাকা মাত্র। গত সভার সিদ্ধান্ত মোতাবেক বাসা বাড়ী ভাড়া হতে প্রাপ্ত আয়ের স্থিতি এবং ইমারত/ভবন নির্মাণের নকশা অনুমোদন সংক্রান্ত ফী হতে প্রাপ্ত আয়ের স্থিতি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

০৭। **উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর সভায় বলেন যে, অদ্য ৩১/০৫/২০২২ খ্রি: তারিখে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে বর্তমান স্থিতির পরিমাণ=৫৬০০৬৯৩৭/০৩(পাঁচ কোটি ষাট লক্ষ ছয় হাজার নয়শত সাঁইত্রিশ টাকা /০৩ পয়সা) মাত্র।

০৭। **হাট-বাজার ইজারা সংক্রান্ত ঃ**

সভাকে অবহিত করা হয় যে, পাবনা সদর উপজেলাধীন পুষ্পপাড়া হাট বাদে ১৮টি হাট-বাজার ১৪২৯- বাং সালের জন্য ইজারা প্রদান করা হয় এবং পুষ্পপাড়া হাটসহ ০৬ টি হাটে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। চেয়ারম্যান, চরতারাপুর ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তারাবাড়ীয়া হাট-টি বাংলা ১৪২৯ সনের জন্য ৫২,০১,০০০/০০(বায়ান্ন লক্ষ এক হাজার টাকা) মূল্যে ইজরা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ইজারার সাকুল্য টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এত মূল্যবান হাটের ভিতরে রাস্তা অবৈধভাবে দখল পূর্বক দোকানপাট ও স্থাপনা নির্মাণ করায় হাটে আগত ক্রেতা-বিক্রেতাগণের চলাচলে বিঘ্ন সৃস্টি হচ্ছে। কিছু অসাধূ ব্যক্তি আর্থিকভাবে লাভবানের অভিপ্রায়ে এধরনের জনবিরোধী কার্যক্রমে লিপ্ত রয়েছে। তিনি তারাাবাড়ীয়া হাটের অবৈধ স্থাপনা উচ্ছেদে করে হাটের পরিবেশ ফিরিয়ে আনার জন্য উপস্থিত সকল সদস্যগণকে অনুরোধ জানান।

০৯। **২০ একরের নিম্নের জলমহাল ইজারা প্রদান** ঃ সভাকে অবহিত করা হয় যে, পাবনা সদর উপজেলায় ২০ একরের নিম্নের মোট জলমহালের সংখ্যা ১১টি। তন্মধ্যে ২টি জলমহাল জনসাধারণের ব্যবহার্য হওয়ায় উহা ইজারা বহির্ভূত। অবশিষ্ট ০৯টি জলমহ লের মধ্যে পদ্মকোল ব্যাতিত অপর ০৮টি জলমহাল বিধি মোতাবেক ০৩ বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়েছে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব হিসেবে সহকারী কমিশনার (ভূমি), পাবনা সদর কর্তৃক ১৪২৯ বাং সালের জন্য ইজারা কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০৯। **বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা** ঃ (ক) ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, উপজেলা পরিষদের হস্তান্তরিত ১৭ টি বিভাগের প্রতি ০২ মাস অন্তর ০১ টি করে স্ট্যান্ডিং কমিটির সভা করার নিয়ম থাকলেও তা নিয়মিত করা হচ্ছে না। নিয়মিত স্ট্যান্ডিং কমিটির সভা করার জন্য হস্তান্তরিত ১৭ টি বিভাগের অফিস প্রধানগণকে অনুরোধ করা হয়। একই সাথে ইজিপিপি কর্মসূচীর প্রকল্প তালিকা ভাইসচেয়ারম্যানগণের নিকট প্রেরণ করার জন্য পিআইও, পাবনা সদর, পাবনাকে অনুরোধ করা হয়।

**(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা এর পক্ষে ডা: রকিবুল ইসলাম সভায় বলেন যে, পাবনা সদর উপজেলায় করোনা ভাইরাস টিকা প্রদানের সরকার নির্ধারিত লক্ষমাত্রা অর্জিত হয়েছে। সার্বিক কার্যক্রমে সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সবাইকে ধন্যবাদ জানান।

**(গ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**ঘ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, এবার পাবনা সদর উপজেলায় বোরো ধানের ফলন ভাল হওয়ায় বোরো ধানের সংকট হবে না। আগামী ০২/০৬/২০২২ খ্রিঃ তারিখ ঈশ্বরদীতে লিচু মেলা অনুষ্ঠিত হবে। মাননীয় কৃষি মন্ত্রী মহোদয় উক্ত মেলায় উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন। তিনি উক্ত মেলায় উপস্থিত থাকার জন্য সবাইকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, পাবনা সদর উপজেলায় সার বীজের কোন সংকট নেই। সার বীজ পর্যাপ্ত পরিমান আছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঙ) উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন (২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ৩০৭ জন নতুন অথবা বাদপড়া জেলে নিবন্ধনের জন্য বরাদ্দ রাওয়া গেছে। এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।

**(চ) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, তিনি ঈশ্বরদী উপজেলায় কর্মরত আছেন। পাবনা সদর উপজেলা অতিরিক্ত হিসেবে দায়িত্ব প্রাপ্ত হয়েছেন। সভাকে অবহিত করেন যে, পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরন বিষয়ে চলতি মাসে ০৪ টি সচেতনতামূলক সভা করা হয়। সরকারিভাবে ৮০০০ গবাদিপশু, ১৩২০০০ টি হাঁসমুরগীকে টিকা প্রদান কর হয়েছে যার রাজস্ব আয়ের পরিমান ২৪০২৫/০০ টাকা মাত্র। ৯৭৫ টি গাভী কৃত্রিম প্রজনন করা হয় যার রাজস্ব আয়ের পরিমান ২৯২৫০/০০ টাকা। ১৮৩৪ টি গবাদি পশু এবং ১৪১৯৮ টি হাঁস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। একই সমযে ০৪ টি পোষা প্রাণীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, সামনে দূর্যোগ কালীন সময় আসছে। আগামী ০৬/০৬/২০২২ তারিখ মহাপরিচালক মহোদয় ভার্চুয়ালি সভা করবেন। দূর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা, উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড পর্যায়ে সভা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান (ইজিপিপি) প্রকল্পের কাজ ১৪/০৫/২০২২ তারিখ শুরু হয়েছে। আগামী ০৮/০৬/২০২২ তারিখ পর্যন্ত কাজ চলবে। ০৮/০৬/২০২২২ তারিখের মধ্যে সকল বিল দাখিল করতে হবে। ৪০ দিনের কর্মসূচীতে ১ম কিস্তিতে ২৩৩ জন শ্রমিক ১৪৭১০০০/০০ (চৌদ্দ লক্ষ একাত্তুর হাজার) টাকা বরাদ্দ পাই নাই অথ্যাৎ বাদ পড়েছেন। ২য় কিস্তিতে ৮০ জন শ্রমিক ৭৬৪১১১/০০(সাতলক্ষ চৌষট্টি হাজার একশত এগার টাকা) বরাদ্দ পাই নাই। সভায় তিনি আরোও বলেন যে, পাবনা সদর উপজেলায় ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত সোলার স্থাপনের কাজ হয়েছে। উক্ত সোলার বিকল/নষ্ট হলে মেরামত করার দায়িত্ব ঐসকল সোলার স্থাপনকারী প্রতিষ্ঠানের। দেখা যায় বেশীর ভাগ সোলার নষ্ট হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেরামত করে দেন নাই। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে সোলার স্থাপনকারী প্রতিষ্ঠানগুলোর বিল হতে ১০% জামানত রাখা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ নষ্ট সোলার মেরামত না করে দিলে সোলার স্থাপনকারী প্রতিষ্ঠানের জামানত ফেরত না দেয়ার বিষয়ে একমত পোষন করেন।

**(জ) উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঝ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ** মোঃ সাইফুল ইসলাম উপজেলা শিক্ষা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায়া বলেন যে, পিইডিপি-৪ এর আওতায় প্রাথমিক বিদ্যালযগুলির মেরামতত কাজ চলমান রযেছে। সভায় তিনি বলেন যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ আয়োজনের জন্য বালক ও বালিকা দলের ২২ টি খেলা আয়োজনের জন্য ১৬০০০/০০ ষোল হাজার টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। একইভাবে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পরিচালনার জন্য উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আয়োজনে ১৬০০০/০০ ষোল হাজার টাকা বরাদ্দ পাওয়া যায়। দুইটি প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রাপ্ত বরাদ্দ একেবারেই অপ্রতুল হওয়ায় প্রতি বছরের

ন্যায় এবারেও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ৫০০০০/০০+৫০০০০/০০(একলক্ষ) টাকা আর্থিক সহায়তা প্রাপ্তীর জন্য আবেদন করেন।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে আর্থ সামাজিক উন্নয়ন খাতের শিক্ষা উপকরণ উপখাত হতে ০২ টি প্রতিযোগিতা আয়োজনের জন্য ১.০০(একলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

জনাব মোঃ আব্দুল মতিন, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণে ব্যবহৃত উপজেলা রিসোর্স সেন্টরের রুমটি অত্যধিক গরম হওয়ায় প্রশিক্ষণ পরিচালনা ব্যহত হচ্ছে। উক্ত রুমে প্রচন্ড গরমের কারনে ০১ ঘন্টার বেশী সময় অবস্থান করা যায় না। রুমটি ঠান্ডা করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ০২ টি এসি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করা হয়। উপজেলা শিক্ষা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে ১৮৫ টি প্রাথমিক বিদ্যালয় তদারকি ও পরিচালনা করতে হয়। তার দপ্তরে ০১ টি কম্পিউটার ও ০১ টি প্রিন্টারের খুবই প্রযোজন। বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সবাই একমত পোষণ করেন।

**(ঞ) উপজেলা মহিলা বিষয়ক অফিস** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়।

**(ট) উপজেলা যুব উন্নয়ন অফিস** ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এবং ঋণ বিতরণের কার্যক্রমও চলমান আছে। সভায় তিনি বলেন যে, তার অফিস ভবন খুবই পুরাতন ও জরাজীর্ন হওয়ায় জরুরীভাবে মেরামত করা প্রয়োজন। অফিস ভবনটি পরিদর্শন করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

**(ঠ) উপজেলা প্রকৌশল অধিদপ্তর (স্থানীয় সরকার বিভাগ)** ঃ ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন খাতে ৯৬.৮৮ (লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ হতে ৬৪.০০(লক্ষ) টাকা ইজিপি পদ্ধতিতে দরপত্র করে কাজ সম্পুর্ণ করা হয়েছে। বাকী অর্থ পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হবে। আগামী ২২/০৬/২০২২ তারিখ জেলা হিসাব রক্ষন অফিসে বিল দাখিলের শেষ সময়। সকলকে দ্রুত কাজ শেষ করে বিল দাখিলের জন্য অনুরোধ করেন।

**(ড) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ** উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা সদর, পাবনা মাতৃত্বকালীন ছুটিতে থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(ঢ) উপজেলা সমবায় অধিদপ্তর** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা সববায় কার্যালয় কর্তৃক টেকসই সমবায়, টেকসই উন্নয়ন রুপকল্প বাস্তবায়নে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলার অভিলক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ০৯ টি ক্যাটাগরিতে ১৫৫ জন পুরুষ এবং ১৬৮ জন মহিলা সর্বমোট ৩২৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**(ণ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ত) উপজেলা পরিবেশ ও বন বিভাগ** ঃ উপজেলা বন কর্মকর্তা পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(থ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** ঃ মোঃ হাফিজুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, পাবনা সদর উপজেলার ১৫০ টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান তদারকি করতে হয়।এতগুলো শিক্ষা প্রতিষ্ঠান তদারকির জন্য তার অফিসে মাত্র একটি কম্পিউটর ও একটি প্রিন্টার রয়েছে, যা অপ্রতুল। তিনি

অন্ততপক্ষে একটি কম্পিউটার ও একটি প্রিন্টার সরবরাহের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।

(দ) **উপজেলা খাদ্য বিভাগ** ঃ উপজেলা খাদ্য পরিদর্শক, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার দপ্তরে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(ধ) **উপজেলা নির্বাচন অফিস** ঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, যারা এখনো যারা ভোটার হিসাবে নিবন্ধিত হন নাই কিন্তু জম্মতারিখ ০১/০৭/২০০৭ বা তার পুর্বে তাদের নিবন্ধন এর লক্ষ্যে নির্বাচন কমিশন ছবিসহ ভোটার তালিকা হালনাগাদের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ২০/০৫/২০২২ তারিখ হতে ১০ জুন ২০২২ তরিখ পর্যন্ত পাবনা সদর উপজেলার ০১ টি পৌরসভা এবং ১০ টি ইউনিয়নের ভোটার তালিকা হালনাগাদ করনের কার্যক্রম চলমান রয়েছে। সভায় তিনি আরোও বলেন যে, আগামী ১৫ জুন ভাঁড়ারা ইউনিযন পরিষদ সাধারন নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট ভোট কেন্দ্রের সংখ্যা ১৬ টি। ০২ টি ভোট কেন্দ্র পদ্মা নদীর ওপারে আবস্থিত । ০১ টি কেন্দ্র পদ্মা নদীর মাঝে অবস্থিত । বাকী ১৩ টি কেন্দ্র পদ্মা নদীর এপারে অবস্থিত।

(ন) **আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক লিঃ, পাবানা সদর, পাবনা সভায় বলেন যে, আমার বাড়ী আমার খামার বিলুপ্ত হয়ে পল্লী সঞ্চয় ব্যাংক নামকরন হয়েছে। তিনি উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

(প) **ইউজিডিপি সংক্রান্ত কার্যক্রম আলোচনাঃ** উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর, পাবনা সদর, পাবনা জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" কর্তৃক বাস্তবায়নাধীন ২০২০-২০২১ অর্থ বছরে পাবনা সদর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প সমূহ ঢাকা অফিস হতে অনুমোদিত হয়েছে। তিনি আরও বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষে নির্বাচিত ৩টি উপ-প্রকল্পের প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।

(ফ) **উপজেলা আনসার ও ভিডিপি অফিস** ঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।

(ব) **উপজেলা আইসিটি বিভাগ** ঃ সহকারি প্রোগ্রামার, আইসিটি, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, রেজুলেশন ডিজিটালাইজেশন করতে হবে এবং সকল অফিসের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে। যে সকল দপ্তরে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সে সকল দপ্তরের অফিশিয়াল কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে হবে। যদি ই-নথিতে কোন সমস্যা হয় তাহলে সহকারি প্রোগ্রামার, আইসিটি, পাবনার সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়াও অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে অফিস প্রধানগণ জানান।

১০। বিবিধ ঃ আলোচনা (১) ঃ সভাকে অবহিত করা হয় যে, উপজেলা পরিষদের সকল অনুষ্ঠানাদি আব্দুর রব (বগা মিয়া) হল রুমে অনুষ্ঠিত হয়। হলরুমের আয়তন বেশী হওয়ার কারনে ০২টি এসি স্থাপন করা প্রয়োজন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার চাহিদা মোতাবেক ০২ কম্পিটার, ০২টি প্রিন্টার এবং উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষনণ রুমে ব্যবহারের জন্য ০২ টি এসি সরবরাহের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আর্থসামাজিক অবকাঠামো খাতের শিক্ষার উপকরণ উপখাতের আওতায় জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকা) | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পাবনা সদর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে ০২ কম্পিটার, ০২টি প্রিন্টার এবং উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষণ রুমে ব্যবহারের জন্য ০২ টি, আব্দুর রব (বগা মিয়া) মিলনায়তনে ব্যবহারের জন্য ০২ এসি সরবরাহ ও স্থাপন | ১০.০০ | আরএফকিউ |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত প্রকল্প টি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে

বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পাবনা সদর, পাবনা

আলোচনা (২) ঃ উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা জানান যে, গত ২০/০৪/২০২২ তারিখ হতে অদ্যবধি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নিম্নবর্ণিত ব্যয় সম্পন্ন করা হয়েছে। ব্যয়োত্তর অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

| হিসাব নং | তারিখ | ব্যয়ের বিবরণ১ | টাকা |
|---|---|---|---|
| জনতা ব্যাংক লিঃ নূরপুর শাখা, চলতি হিসাব নং- ০১০০০৩৭৯৪০০২৪ | ৩১/০৫/২০২২ | (ক) উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর এপ্রিল-মে/ ২০২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা | ২৩৭০০০ |
| | | (খ) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী, মালি ও অফিস সহায়কগণকে এপিল-মে/ ২০২২ মাসের মজুরী প্রদান | ৫৪০২০ |
| | | (গ) এপ্রিল-মে/২০২২ মাসের আপ্যায়ন খরচ | ৭৬০০০ |
| | | (ঘ)উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ৪০০০০০ |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, কিচেনরুম সংস্কার ও বারান্দা , সিড়িঁঘর রংকরণ ব্যয় বিল | ২০০০০০ |
| | | (চ) আব্দুর রব (বগা মিয়া) মিলনায়তনে পর্দা ও ফ্যান ক্রয় | ৫০০০০ |
| | | (ছ) আনসার ভিডিপি ব্যারাক নির্মাণ, বাংলা ১৪২৯ সালের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তী এবং ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত পত্রিকা বিল | ২১০৪০৮ |
| | | (জ) উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য ০২ টি আইপিএস ক্রয় বিল | ১১০০০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।

আলোচনা (৪) ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা জনাব শামসুন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাবনা সদর, এবং জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) ভাইস চেয়ারম্যান এর মে/২২ মাসের দৈনিক ভাতা বিল দাখিল করেছেন। যা নিম্নরুপ- আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর দৈনিক ভাতা বিলঃ

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য |
|---|---|---|---|
| ১২/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ১৩/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | ------ঐ------ | ৬২৫/- |
| ১৪/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৬/৫/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |

| | | | |
|---|---|---|---|
| ১৭/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৮/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৯/৫/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২২/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৩/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৪/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৫/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৮/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| | | মোট | ৭৫০০/ |

মহিলা ভাইস চেয়ারম্যান শামসুন নাহার এর দৈনিক ভাতা বিল .

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | ভাতা |
|---|---|---|---|
| ১২/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | পরিষদের জীপগাড়ী যোগে | ৫০০ |
| ১৩/৫/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৪/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৬/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৭/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৮/৫/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৯/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২২/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৩/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৪/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৮/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| মোট | | | ৬০০০ |

ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস)- দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ১২/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৫০০ |
| ১৩/৫/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৪/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৬/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৭/৫/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৮/৫/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৯/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২২/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| | | | |
|---|---|---|---|
| ২৩/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৪/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৮/৫/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| মোট | | | ৬০০০ |

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৯/১২/২০২১ তারিখের ৪৬.০৪৬.০২২.০০.০০২.২০১২.৬৯২ নং অফিস আদেশের বিধান অনুসারে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা জনাব শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) এর মে/২০২২ মাসের উপস্থাপিত উপরোক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

দায়িত্বঃ (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
(২) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা

আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর, পাবনা
www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০৫.২১.৪৫৩(৫০) তারিখ : ৩১ মে ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২, পাবনা-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক,পাবনা।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৭। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৯। উপজেলা -----------------------------------------------কর্মকর্তা (সকল), পাবনা সদর,পাবনা।
১০। চেয়ারম্যান,-----------------------------------------------ইউ,পি, (সকল), পাবনা সদর,পাবনা।

৩১.০৫.২২
তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৪০৩
email: unopabna@mopa.gov.bd